[redacted]

[redacted]

[redacted]

[

রহমান, সদর ট্রাফিক; বিশেষ পারফরম্যান্স (হারানো মোবাইল ও বিকাশের টাকা উদ্ধার) এসআই/ মোঃ সাজ্জাদ হোসেন এবং এএসআই/ মোঃ রজিবুল হক, সাইবার ক্রাইম ইনভেস্টিগেশন সেল; বিশেষ পুরস্কারঃ এসআই/মুহিদ হাসান, ডিবি; মোঃ রইচ উদ্দিন শরিফ,ডিএসবি; এএসআই/মোঃ রুবেল ইসলাম, বিভাগীয় ভান্ডার, পরিছন্নতাকর্মী/ শ্রী আকাশ বাঁশফোড়, পুলিশ সুপারের কার্যালয়, চুয়াডাঙ্গাসহ সর্বমোট ২৯(উনত্রিশ) জন চৌকস পুলিশ সদস্যকে পুলিশ সুপার ক্রেস্ট, সার্টিফিকেট ও নগদ অর্থ পুরস্কার প্রদান করেন।

উক্ত অপরাধ পর্যালোচনা সভায় অপরাধ পরিসংখ্যান পর্যালোচনা, মামলা নিষ্পত্তি, নিয়মিত মামলায় আসামি গ্রেফতার, ওয়ারেন্ট তামিল, রাত্রিকালীন ডিউটি, হোন্ডা মোবাইল, জাল টাকা/অজ্ঞানপার্টি/মলমপার্টি চক্র গ্রেফতার, অবৈধ অস্ত্র-গুলি, মাদকদ্রব্য ও চোরাচালান পণ্য উদ্ধার, ভাড়াটিয়া তথ্যফরম পূরণ, আইন-শৃঙ্খলা রক্ষাসহ যেকোনো অপ্রীতিকর ঘটনা/গুজব রোধকল্পে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের নির্দেশনা প্রদান করা হয়। আগামী ২১ মে চুয়াডাঙ্গা সদর ও আলমডাঙ্গা থানায় উপজেলা নির্বাচন উপলক্ষে পুলিশী টহল বৃদ্ধিসহ অপ্রীতিকর ঘটনা প্রতিরোধে গৃহীত বিভিন্ন পদক্ষেপ সম্পর্কে আলোচনা হয়। পরিশেষে, পুলিশ সুপার সকল অফিসার ও ফোর্সের উপর অর্পিত দায়িত্ব পেশাদারিত্বের সাথে যথাযথভাবে পালনের আহ্বান জানান।